

একই নম্বর ও তারিখের আদেশের স্থলাভিষিক্ত হবে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
শৃঙ্খলা অধিশাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

২৫ আশ্বিন ১৪২৬

নং-৪৫.০০.০০০০.১২২.২৭.০৭৫.২০১৯-৫৩৮

তারিখঃ

১০.১০.২০১৯

আদেশ

যেহেতু, ডাঃ মোঃ মুমিনুল হক (১০৮১৭৭), সিভিল সার্জন, নওগাঁ “বাধন ইন্টারন্যাশনাল সার্ভিস লিমিটেড NGO এর সাথে যোগসাজসে জেলার বিভিন্ন কমিউনিটি ক্লিনিকে অবৈধভাবে ৯০(নব্বই) জন অফিস সহায়ক পদে জনবল নিয়োগের প্রক্রিয়ায় সহযোগিতা করেছেন”, যা কোনভাবেই আইনসম্মত নয় বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক ‘অসদাচরণ’ এর দায়ে ০৭.০৮.২০১৯ তারিখের ৪৫.০০.০০০০.১২২.২৭.০৯২.১৯-৪৫৬ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর আবেদন করেন;

যেহেতু, গত ১২.০৯.২০১৯ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ডাঃ মোঃ মুমিনুল হক (১০৮১৭৭) ব্যক্তিগত শুনানীতে সন্তোষজনক জবাব প্রদানে ব্যর্থ হয়েছেন এবং তার বিরুদ্ধে আনীত অভিযোগ আংশিক প্রমাণিত হয়েছে এবং এ জন্য তিনি দন্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, ডাঃ মোঃ মুমিনুল হক (১০৮১৭৭), সিভিল সার্জন, নওগাঁ এর সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক ‘অসদাচরণ’ এর অভিযোগ আংশিক প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয়াদি বিবেচনায় উক্ত বিধিমালা ৪(২)(খ) বিধি অনুযায়ী তীর বার্ষিক বেতন বৃদ্ধি আগামী ০১ (এক) বৎসরের জন্য স্থগিত করার দন্ড আরোপ করা হলো এবং বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো। তিনি ভবিষ্যতে কোন বকেয়া প্রাপ্য সুবিধা দাবি করতে পারবেন না।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।


রাষ্ট্রপতির আদেশক্রমে  
স্বাক্ষরিত/-  
তারিখঃ ১০/১০/২০১৯  
(মোঃ আসাদুল ইসলাম)  
সচিব

নং-৪৫.০০.০০০০.১২২.২৭.০৭৫.২০১৯-৫৩৮/১(১০)

তারিখঃ ১০.১০.২০১৯

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস এর কম্পিউটার ও ডাটা সিটে সংরক্ষণ করার জন্য)।
- ৩। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। সিভিল সার্জন, নওগাঁ।
- ৫। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। [পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি শৃঙ্খলা অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো]
- ৬। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, নওগাঁ।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। ডাঃ মোঃ মুমিনুল হক (১০৮১৭৭), সিভিল সার্জন, নওগাঁ।
- ১০। অফিস কপি।

  
মোঃ আবদুছ সালাম  
উপসচিব  
ফোনঃ ৯৫৪৫০২৮  
disc@hds.gov.bd

নং-৪৫.০০.০০০০.১২২.২৭.১১৭.১৯- ৫৪৯

২৯ অক্টোবর ২০১৯  
তারিখঃ  
৪৪.১০.২০১৯

বিষয়ঃ ডাঃ মঞ্জুরুল হক (৪২৩১২), জুনিয়র কনসালটেন্ট, গাইনী, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বেগমগঞ্জ, নোয়াখালী এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক বিভাগীয় মামলা


### অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ মঞ্জুরুল হক (৪২৩১২), জুনিয়র কনসালটেন্ট, গাইনী, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বেগমগঞ্জ, নোয়াখালী অপারেশনের পূর্বে রোগীর সঠিকভাবে পরীক্ষা নিরীক্ষা করেননি এবং প্রি এ্যানেসথেটিক চেকআপও করেননি, আপনি নিজেই Spinal Anesthesia দিয়ে অপারেশন শুরু করেন। আপনার গাফিলতির কারণে রোগী মারা যায় যা তদন্তে প্রমাণিত হয়েছে;

যেহেতু, আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী আচরণ বিধিমালার পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে ২০১৮ সালের সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ধারা মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত দণ্ড প্রদান করা হবে না-এ নোটিস প্রাপ্তির ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে এ বিষয়ে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ-দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।


অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।

  
মোঃ আসাদুল ইসলাম  
সচিব

ডাঃ মঞ্জুরুল হক (৪২৩১২)  
জুনিয়র কনসালটেন্ট, গাইনী  
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বেগমগঞ্জ, নোয়াখালী  
(স্থায়ী ঠিকানাঃ গ্রাম-মাহতলা, পোঃ খানারহাট, থানাঃ বেগমগঞ্জ, জেলা- নোয়াখালী)।  
নং-৪৫.০০.০০০০.১২২.২৭.১১৭.১৯- ৫৪৯/১৫৬  
অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ


তারিখঃ ৪৪.১০.২০১৯

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিসটি অভিযুক্তের বর্তমান ও স্থায়ী ঠিকানায় যথাযথভাবে জারি করে জারীর প্রতিবেদন এ অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হল)।
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য)।
- ৩। উপসচিব (পার-১/২/৩ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (সংশ্লিষ্ট চিকিৎসকের ব্যক্তিগত ফাইলে এক্টিসহ প্রয়োজনীয় কার্যক্রম)
- ৫। সিভিল সার্জন, নোয়াখালী।
- ৬। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বেগমগঞ্জ, নোয়াখালী।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৮। অফিস কপি।

  
মোঃ আবদুছ সালাম  
উপসচিব  
ফোনঃ ৯৫৪৫০২৮  
disc@hcd.gov.bd

### অভিযোগ বিবরণী

আপনি ডাঃ মঞ্জুরুল হক (৪২৩১২), জুনিয়র কনসালটেন্ট, গাইনী, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বেগমগঞ্জ, নোয়াখালী অপারেশনের পূর্বে রোগীর সঠিকভাবে পরীক্ষা নিরীক্ষা করেননি এবং পি এ্যানেসথেটিক চেকআপও করেননি, আপনি নিজেই Spinal Anesthesia দিয়ে অপারেশন শুরু করেন। আপনার গাফিলতির কারণে রোগী মারা যায় যা তদন্তে প্রমাণিত হয়েছে। আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ধারা মোতাবেক 'অসদাচরণ' হিসেবে গণ্য। আপনি উপর্যুক্ত আচরণ দ্বারা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ধারা মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' এর দায়ে অভিযুক্ত হয়েছেন।

  
(মোঃ আসাদুল ইসলাম)  
সচিব